আকাশবাণী শিলচর

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**01 JANUARY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

১) ভূটানের জলশক্তি ব্যাবহার করে আসাম সরকারের জলবিদ্যুত প্রকল্প নির্মান করার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের অনুমোদন ।

২) আসাম সরকারের কর্মচারী এবং তাদের পরিবারের নিরাপত্তার জন্য চালু করা একটি বীমা প্রকল্পের আজ আনুষ্ঠানিক সূচনা ।

৩) রাজ্যের তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের পারস্পরিক বদলি প্রক্রিয়া সরল করার উদ্দেশ্যে স্বাগত সতীর্থ শীর্ষক একটি পোর্টেল আজ থেকে চালু ।

এবং

৪) ইংরাজী নববর্ষ ২০২৫ এর আজ প্রথম দিন উপলক্ষ্যে সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও ব্যাপক উৎসাহ উদ্দীপনা ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ নতুন বছরের প্রথম দিনে কইনাধারার রাজ্য অতিথিশালায় নতুন দিনের আলাপ নামের একটি অনুষ্ঠানে অংশগ্রহণ করেন । অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী রাজ্যের বেশ কয়েকটি সংবাদ প্রতিষ্ঠানের প্রবীণ সম্পাদকের সঙ্গে মত বিনিময় করেন । আকাশবাণীর বিশেষ সংবাদদাতা রাজীবলোচন বরঠাকুর জানান যে অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ২০২৪ সালের তাঁর সরকারের বেশ কয়েকটি উল্লেখযোগ্য

সাফল্যের বিষয়ে তুলে ধরেন ।ভূটানের জলশক্তি ব্যবহার করে ১২০ কিলো ওয়াট ক্ষমতা সম্পন্ন দুটি জলবিদ্যুৎ প্রকল্প আসাম সরকারের নির্মাণ করার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার অনুমোদন জানিয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান ।তিনি বলেন যে রাজ্যে সবুজ জ্বালানি যুক্ত গণ পরিবহন ব্যবস্থায় পরিবর্তন আনতে তাঁর সরকার গৌহাটী মহানগরীতে চলাচল করা বাসগুলো বৈদ্যুতিক বাসে পরিবর্তিত করার প্রকল্প গ্রহণ করেছে ।এই প্রকল্পের অংশ হিসেবে আজ গৌহাটী খানাপারার আন্তরাজ্য মিনিবাস স্ট্যান্ড থেকে ৫৬ টি বাস জনসাধারণের নামে তিনি উৎসর্গ করেন ।শীঘ্র আরো ১০০টি এধরণের বাস রাজ্যে প্রবর্তন করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান ।২০২৬ সালের মধ্যে সবুজ পরিবহন প্রবর্তন করার ক্ষেত্রে আসাম দেশের মধ্যে ষষ্ঠ রাজ্য হিসেবে পরিগণিত হবে বলে মুখ্যমন্ত্রী জানান ।আসাম বিদ্যুৎ বিতরণ নিগম চলতি অর্থ বছরে ৬০ কোটি টাকা লাভ অর্জন করতে সমর্থ হয়েছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে এই লাভের অর্থ পর্যায়ক্রমে গ্রাহকদেরকে ফিরিয়ে দেওয়ার জন্য রাজ্যে বিদ্যুৎ মাশুল আগামী এপ্রিল মাস থেকে প্রতি ইউনিট ১ টাকা ৫০ পয়সা করে এবং পরে আরও একটাকা করে হ্রাস করার কথা সরকার বিবেচনা করছে ।সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী জানান যে রাজ্যের মোট ঘরোয়া উৎপাদনের সমানুপাতিকভাবে রাজ্য সরকার ঋণ গ্রহণ করেছে এবং ২০১৪ সাল পর্যন্ত আসাম সরকারের ঋণ সম্পূর্ণভাবে পরিশোধ করা হয়েছে ।রাজ্য সরকারের ২০২১ সালের বৈদ্যুতিক বাহন নীতি সম্পর্কে বাধা দূর করতে আগামী দুদিনের মধ্যে ব্যবস্থা গ্রহণ করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান ।

---------------------------------------------------------------------------------

আসাম সরকারের কর্মচারী  এবং তাদের পরিবারের নিরাপত্তার জন্য চালু করা একটি বীমা প্রকল্পের আজ আনুষ্ঠানিকভাবে সূচনা করা হয় । খানাপারার কইনাধারার রাজ্য অতিথিশালায় আয়োজিত এক অনুষ্ঠানে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা এবং তাঁর মন্ত্রীসভার সদস্যদের উপস্থিতিতে রাজ্য সচিব লায়া মাদুরী এবং ভারতীয় স্টেট ব্যাংক ও ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার মান্ডলিক মহাপ্রবন্ধকের মধ্যে এমর্মে একটি সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে । এই বীমা প্রকল্পের অধীনে কর্তব্যরত অবস্থায় কোনো কর্মচারীর দুর্ঘটনাজনিত কারণে মৃত্যু হলে অথবা জীবনে কোনো দূর্যোগ আসলে তাঁর পরিবার এক কোটি টাকা লাভ করবে । অন্য কারণে কর্মচারীর মৃত্যু হলে এই বীমা প্রকল্পের অধীনে তাঁর পরিবার ১০ লক্ষ টাকা করে লাভ করবে ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় মন্ত্রীসভা আজ প্রধানমন্ত্রী ফসম বীমা যোজনা এবং নতুনরূপে সাজিয়ে তোলা আবহাওয়া ভিত্তিক শষ্য বীমা প্রকল্পের সুবিধা ২০২৫-২৬ অর্থ বছরে অব্যাহত রাখার

সিদ্ধান্ত গ্রহণ করেছে ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অধ্যক্ষতায় আজ অনুষ্ঠিত কেন্দ্রীয় মন্ত্রীসভার বৈঠকের পর কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ সাংবাদিকদের একথা জানান । তিনি বলেন যে এই সিদ্ধান্ত দেশের কৃষকদেরকে আকষ্মিক প্রাকৃতিক দূর্যোগের সময় শষ্যের ক্ষতি প্রতিরোধ করতে সহায়তা করবে ।এছাড়া এই প্রকল্প রূপায়নের ক্ষেত্রে প্রযুক্তির ব্যাপক ব্যবহার , স্বচ্ছতা এবং দাবী আপত্তি নিস্পত্তি করার ক্ষেত্রে সহায়ক হবে বলে শ্রী বৈষ্ণ আশা প্রকাশ করেন ।বৈঠকে শষ্য বীমা প্রকল্পের জন্য বরাদ্দ অর্থ ৬৯ হাজার ৫১৫ কোটি টাকায় বৃদ্ধি করার ক্ষেত্রে অনুমোদন জানানো হয় ।মন্ত্রী বলেন যে এই প্রকল্পের সুবিধা লাভ করা ৮৮ শতাংশ লোক ক্ষুদ্র এবং উপান্ত কৃষক । অনুরূপভাবে বীমার সুবিধা লাভ করা ৫৭ শতাংস অন্যন্য পিছিয়েপড়া শ্রেনীর , তপশিলি জাতি এবং তপশিলি জনজাতির অন্তর্ভুক্ত বলে মন্ত্রীজানান ।বিগত ৮ বছরে ১ লক্ষ ৭০ হাজার কোটি টাকার দাবী নিস্পত্তি করে কৃষকদেরকে প্রদান করা হয়েছে বলেও শ্রী বৈষ্ণ জানান ।

--------------------------------------------------------------------------------

রাজ্যের তৃতীয় ও চতুর্থ শ্রেনীর কর্মচারীদের পারস্পরিক বদলি প্রক্রিয়া সরল করার উদ্দেশ্যে স্বাগত সতীর্থ শীর্ষক একটি পোর্টেল আজ আনুষ্ঠানিকভাবে চালু করা হয়েছে । আজ গৌহাটীর কইনাধারার রাজ্য অতিথিশালায় আয়োজিত এক অনুষ্ঠানে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা এই পোর্টেল আনুষ্ঠানিকভাবে সূচনা করেন । কর্মচারীরা আজ থেকে ২৮ শে ফেব্রুয়ারীর মধ্যে এই পোর্টেলে বদলির জন্য আবেদন করতে পারবেন । সম গ্রেড পে লাভ করা কর্মচারী , সম সেবা বিধি কর্মচারী এবং সম যোগ্যতা সম্পন্ন কর্মচারীর ক্ষেত্রে এই নিয়ম প্রযোজ্য হবে । এই সময়ের মধ্যে পোর্টেলের মাধ্যমে লাভ করা আবেদনগুলি স্বয়ংক্রিয় ব্যাবস্থায় সম্পন্ন হবে এবং এরজন্য যোগ্য কর্মচারীদের পারস্পরিক বদলি আসন্ন বহাগ বিহুর পূর্বে সম্পন্ন হবে । এতে কোনো ব্যাক্তির হস্তক্ষেপ থাকবে বলে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা জানান ।

--------------------------------------------------------------------------------

রাজ্য নির্বাচন কমিশন ২০২৪-২৫ সালের পঞ্চায়েত নির্বাচনের চূড়ান্ত ভোটার তালিকায় ভোটদাতাদের নিজেদের নাম পরীক্ষা করার জন্য একটি ওয়েবসাইটের সূচনা করেছে ।ভোটদাতারা ermssec.assam.gov.in এই ওয়েবসাইট থেকে ভোটার তালিকা ডাউনলোড করে অথবা ভোটার কার্ডের নম্বরের মাধ্যমে নিজেদের নাম পরীক্ষা করতে পারবেন ।এছাড়া সংশ্লিষ্ট জেলা আয়ুক্তের কার্যালয় , জেলা পরিষদ , গ্রামপঞ্চায়েত অথবা খন্ড উন্নয়ন আধিকারীকের কার্যালয়ে ভোটদাতারা তাদের নাম পরীক্ষা করতে পারবেন ।বয়সের হিসেবে আজকের মধ্যে ভোট দেওয়ার জন্য যোগ্য বিবেচিত যুবক

যুবতিরাও ওয়েবসাইটের মাধ্যমে খসড়া তালিকায় নিজেদের নাম অর্ন্তভুক্তির জন্য আবেদন দাখিল করতে পারবে ।

---------------------------------------------------------------------------------------

ইংরাজী নববর্ষ ২০২৫ এর আজ প্রথম দিন উপলক্ষ্যে রাজ্যের বিভিন্ন প্রান্তে জনসাধারণের মধ্যে নববর্ষ উদযাপনের উৎসাহ-উদ্দীপনা পরিলক্ষিত হয়েছে । নতুন বছরের নিজের এবং পরিবারের কুশল কামনা করে আজ সকালেই রাজ্যের বিভিন্ন প্রান্তের ধর্মীয় স্থানগুলিতে অগণিত লোক সমাগম হয়েছে । বরাক উপত্যকার তিন জেলায়ও ইংরেজী নববর্ষ উপলক্ষ্যে জনসাধারণের মধ্যে উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়েছে । আজ সকালে উপত্যকার বিভিন্ন ধর্মীয় স্থানে ভগবানের আশীর্বাদ গ্রহণ করতে বহু ভক্ত সমাগম হয় ।  এদিকে আত্মীয় বন্ধু-বান্ধব এবং পরিবারের সঙ্গে দিনটি আনন্দে অতিবাহিত করতে আজ বহু লোক বনভোজনস্থল এবং নৈসর্গিক সৌন্দর্যে পরিপূর্ণ স্থানগুলিতে উপস্থিত হন । এছাড়া নববর্ষকে স্বাগত জানাতে বিভিন্ন অনুষ্ঠানেরও আয়োজন করা হয় ।

---------------------------------------------------------------------------------------

নববর্ষ উপলক্ষ্যে রাজ্যপাল লক্ষণপ্রসাদ আচার্য এবং মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা রাজ্যের জনসাধারণদের শুভেচ্ছা জানিয়েছেন । এক বিবৃতিতে মূখ্যমন্ত্রী বলেন যে নববর্ষ সর্বদা নতুন আশা ,নতুন উৎসাহ এবং উদ্দীপনায় এগিয়ে যাওয়ার জন্য সকলকে উৎসাহিত করে । নতুন বছর স্বকীয় পরম্পরা তথা গরিমা মন্ডিত  ঐতিহ্যে সমৃদ্ধ রাজ্যের জনসাধারণের মধ্যে  সম্প্রীতির বন্ধন অধিক সুদৃঢ় করে তুলবে বলে মূখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব আজ শিলচর শিশু উদ্যোনে দুটি নতুন পা-চালিত নৌকার উদ্বোধন করেন । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে জেলা আয়ুক্ত শ্রী যাদব উদ্যোনটিকে  জীবন্ত ও আকর্ষনীয় করে তোলার প্রতিশ্রুতি দেন  । জেলা আয়ুক্ত নৌকা বিহারের নিরাপত্তা সংক্রান্ত বিষয়ও খতিয়ে দেখেন এবং শিশু উদ্যোনের কর্মকর্তাদের সঙ্গে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন ।

---------------------------------------------------------------------------------------

আজ কল্পতরু উৎসব উপলক্ষে শ্রীরামকৃষ্ণ মিশন সেবাশ্রম শিলচর এবং নতুনপট্টী মায়েরবাড়ীতে রামকৃষ্ণ ঠাকুরের বিশেষ পূজার আয়োজন করা হয়েছে ।এছাড়া ঠাকুরের জীবনি থেকে পাঠ , সঙ্গীতানুষ্ঠান ইত্যাদির ও আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত প্রশিক্ষন কেন্দ্র পি এন বি আর সেটি কাছাড়ের পঞ্চদশ বর্ষ পূর্তি উৎসব গতকাল বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে পালন করা হয়েছে । পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক শিলচর সার্কেলের প্রধান সুদীপ দাস প্রদীপ প্রজ্বোলন করে বর্ষপূর্তি উদযাপনের সূচনা করেন । পরে আর সেটির ডিরেক্টর জগজ্যোতি ভট্টাচার্য্য গত ১৫ বছরের বিভিন্ন তথ্য তুলে ধরেন । এছাড়া বর্ষপূর্তি উদযাপন অনুষ্ঠানে আর সেটি কাছাড়ের নোডাল অফিসার শমিত মন্ডল , পশু চিকিৎসা বিভাগের যুগ্ম সঞ্চালক ডক্টর মনোরঞ্জন সরকার প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

শিলচর সমকাল এবং স্বরলিপি সাংস্কৃতিক সংস্থার উদ্যোগে আয়োজিত গানমেলার আজ সমাপ্তি দিনে নবীন প্রজন্মের শিল্পী সহ বহু বিশিষ্ট শিল্পীরা সঙ্গীত পরিবেশন করছেন । এবারের গানমেলায় ৬ টি স্কুলের ছাত্রছাত্রীরা সমবেত সঙ্গীত পরিবেশন করেছে । এছাড়া গানমেলায় বিভিন্ন স্টল ,খাবারের দোকান ইত্যাদিতেও ভীড় পরিলক্ষিত হচ্ছে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আগামী ৬ই জানুয়ারী থেকে জেলার বিভিন্ন স্থানে খাজনা আদায় শিবির অনুষ্টিত হবে । জেলার তহশিলদার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আগামী ৬ ও ৭ই জানুয়ারী বোয়ালিপার , জয়কৃষ্ণপুর  গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে , কাটলিছড়া রাজস্ব চক্র আধিকারীকের কার্য্যলয় এবং আলগাপুর গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে খাজনা আদায় শিবির অনুষ্ঠিত হবে । এছাড়া আগামী ৮ ও ৯ই জানুয়ারী রাঙ্গাউটি ,কালাছড়া ,কারিছড়া এবং কালীনগর গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে , আগামী ১০ ও ১১ই জানুয়ারী বাহাদূরপুর , বাওয়ারঘাট ,জামিরা এবং পাচঁগ্রাম গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে খাজনা আদায় শিবির অনুষ্টিত হবে ।

---------------------------------------------------------------------------------------